# এমবাপ্পে-বেলিংহ্যামের গোল উৎসবে রিয়ালের দাপুটে জয়



সংগৃহীত ছবি

সান্তিয়াগো বার্নাব্যুর আলোয় শনিবার রাতে ফুটবল ভরপুর ছিল রিয়ালের রাজত্বে। কিলিয়ান এমবাপ্পে ও জুড বেলিংহ্যামের চোখ ধাঁধানো পারফরম্যান্সে লা লিগায় ভ্যালেন্সিয়াকে ৪-০ গোলে উড়িয়ে দিয়েছে জাবি আলোন্সোর রিয়াল মাদ্রিদ। ফরাসি তারকা এমবাপ্পে করেছেন জোড়া গোল, আর বেলিংহ্যাম ও আলভারো কারেরাস করেছেন একটি করে।

খেলার শুরু থেকেই রিয়াল ম্যাচের নিয়ন্ত্রণ নেয়। ১০ মিনিটের মধ্যেই পেনাল্টি পেয়ে দলকে এগিয়ে দেন এমবাপ্পে। এ নিয়ে লা লিগায় টানা আট ম্যাচে গোলের দেখা পেলেন তিনি, যা তার দুর্দান্ত ধারাবাহিকতার প্রমাণ। ৩১তম মিনিটে আর্দা গুলেরের নিখুঁত ক্রস ধরে ছয় গজ বক্সের মুখে ভলিতে জালে পাঠান বিশ্বকাপজয়ী এই ফরোয়ার্ড—স্কোরলাইন তখন ২-০।

প্রথমার্ধেই আরেকটি পেনাল্টির সুযোগ আসে রিয়ালের সামনে। তবে ভিনিসিউস জুনিয়রের শট ঠেকিয়ে দেন ভ্যালেন্সিয়ার গোলরক্ষক। সেই হতাশা কাটিয়ে ৪৪তম মিনিটে ফেদেরিকো ভালভের্দের পাস থেকে দুর্দান্ত শটে গোল করেন ইংলিশ মিডফিল্ডার জুড বেলিংহ্যাম—ব্যবধান বাড়ে ৩-০ তে।

দ্বিতীয়ার্ধে রিয়ালের আক্রমণ থামেনি। বদলি হিসেবে মাঠে নামার কয়েক মিনিটের মধ্যেই আলভারো কারেরাস চমক দেখান। রদ্রিগোর প্রতিহত হওয়া বল ধরে দূরপাল্লার শটে গোলরক্ষককে পরাস্ত করে ৪-০ তে জয় নিশ্চিত করেন স্প্যানিশ লেফট-ব্যাক।

পুরো ম্যাচজুড়ে রিয়াল ছিল একচ্ছত্র আধিপত্যে—বল দখলে রেখেছে প্রায় ৬৫ শতাংশ সময়, নিয়েছে ২১টি শট যার ১১টি ছিল লক্ষ্যে। অন্যদিকে ভ্যালেন্সিয়ার চার শটের মধ্যে মাত্র একটি লক্ষ্যে ছিল।

এই জয়ে ১১ ম্যাচে ১০টি জয়ের মাধ্যমে ৩০ পয়েন্ট নিয়ে লা লিগা টেবিলের শীর্ষে অবস্থান আরও দৃঢ় করল রিয়াল মাদ্রিদ। আলোন্সোর শিষ্যদের ফুটবলে স্পষ্ট বার্তা—লা লিগার মুকুটের দৌড়ে এখনো তারাই রাজা।